# নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড
## Nuclear Power Plant Company Bangladesh Limited
(An Enterprise of Bangladesh Atomic Energy Commission)
শান্তি ও সমৃদ্ধির জন্য পারমাণবিক শক্তি

# নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্টে আকর্ষণীয় চাকুরির বিজ্ঞপ্তি

নং : ৩৯.০১.০০০০.২১৩.১১.০১২.১৭. Vol-II-০০৪ তারিখ : ০৭ জানুয়ারি ২০১৯

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন এর স্বত্বাধীন কোম্পানী নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড (এনপিসিবিএল) এর উপর বাংলাদেশে বর্তমানে নির্মাণাধীন রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র ও ভবিষ্যতে নির্মিতব্য সকল পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের বিকাশ, পরিচালন ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব অর্পিত। এনপিসিবিএল তার সক্ষমতা বৃদ্ধির নিমিত্ত ধাপে ধাপে জনবল নিয়োগ করছে এবং এ পর্যায়ে নিম্ন-বর্ণিত শর্তে মেধাবী, দক্ষ ও কর্মঠ কারিগরি কর্মী নিয়োগ করবে :

| ক্রঃ নং | পদের নাম ও কর্মচারী গ্রেড | পদ সংখ্যা | ৩১.০১.২০১৯ তারিখে সর্বোচ্চ বয়সসীমা | চাকুরি নিশ্চিতকরণের পর মূল বেতন (টাকা) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ০১ | ফোরম্যান (ইলেকট্রনিক্স) [গ্রেড-১৪] | ০৫ | ৩৫ বছর | ২৭,৬০০/- | উচ্চ মাধ্যমিক (ভোকেশনাল) [ইলেকট্রনিক কন্ট্রোল এন্ড কমিউনিকেশন] সহ সংশ্লিষ্ট কাজে ১২ (বার) বছরের অভিজ্ঞতা |
| ০২ | ফোরম্যান (কুলিং এন্ড এয়ার কন্ডিশনিং) [গ্রেড-১৪] | ০১ | ৩৫ বছর | ২৭,৬০০/- | উচ্চ মাধ্যমিক (ভোকেশনাল) [রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং] সহ সংশ্লিষ্ট কাজে ১২ (বার) বছরের অভিজ্ঞতা |
| ০৩ | ফোরম্যান (মেকানিক্যাল) [গ্রেড-১৪] | ০১ | ৩৫ বছর | ২৭,৬০০/- | উচ্চ মাধ্যমিক (ভোকেশনাল) [মেশিন টুলস্ অপারেশন এন্ড মেইনটেন্যান্স] সহ সংশ্লিষ্ট কাজে ১২ (বার) বছরের অভিজ্ঞতা |
| ০৪ | ফোরম্যান (ইলেকট্রিক্যাল) [গ্রেড-১৪] | ০১ | ৩৫ বছর | ২৭,৬০০/- | উচ্চ মাধ্যমিক (ভোকেশনাল) [ইলেকট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স] সহ সংশ্লিষ্ট কাজে ১২ (বার) বছরের অভিজ্ঞতা |
| ০৫ | টেকনিশিয়ান (ইলেকট্রনিক্স) [গ্রেড-১৫] | ০৫ | ৩২ বছর | ২৪,০০০/- | উচ্চ মাধ্যমিক (ভোকেশনাল) [ইলেকট্রনিক কন্ট্রোল এন্ড কমিউনিকেশন] সহ সংশ্লিষ্ট কাজে ০৬ (ছয়) বছরের অভিজ্ঞতা |
| ০৬ | টেকনিশিয়ান (কুলিং এন্ড এয়ার কন্ডিশনিং) [গ্রেড-১৫] | ০৪ | ৩২ বছর | ২৪,০০০/- | উচ্চ মাধ্যমিক (ভোকেশনাল) [রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং] সহ সংশ্লিষ্ট কাজে ৬ (ছয়) বছরের অভিজ্ঞতা |
| ০৭ | টেকনিশিয়ান (মেকানিক্যাল) [গ্রেড-১৫] | ০৫ | ৩২ বছর | ২৪,০০০/- | উচ্চ মাধ্যমিক (ভোকেশনাল) [মেশিন টুলস্ অপারেশন এন্ড মেইনটেন্যান্স] সহ সংশ্লিষ্ট কাজে ৬ (ছয়) বছরের অভিজ্ঞতা |
| ০৮ | টেকনিশিয়ান (ইলেকট্রিক্যাল) [গ্রেড-১৫] | ০৬ | ৩২ বছর | ২৪,০০০/- | উচ্চ মাধ্যমিক (ভোকেশনাল) [ইলেকট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স] সহ সংশ্লিষ্ট কাজে ৬ (ছয়) বছরের অভিজ্ঞতা |

**বেতন, সুযোগ-সুবিধা ও অন্যান্য শর্তাবলি :**

১. প্রথম ১ (এক) বছর প্রবেশনকাল গণ্য করা হবে, তবে প্রবেশনকাল ২ (দুই) বছর পর্যন্ত বর্ধিত হতে পারে। প্রবেশনকাল সফলভাবে সমাপ্তির পর প্রশিক্ষণের ফলাফল ও/বা পারফরম্যান্স মূল্যায়নের ভিত্তিতে এনপিসিবিএল-এ চাকুরি নিয়মিতকরণ / নিশ্চিতকরণ করা হবে।

২. কর্মস্থল হবে বাংলাদেশের যে-কোন পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রে (প্রাথমিকভাবে পাবনা জেলার রূপপুরে) বা এনপিসিবিএল নির্ধারিত যে-কোন স্থানে।

৩. প্রবেশনকালে কেবল উপরের ৫ নং কলামে বর্ণিত মূল বেতন ও বিধি মোতাবেক উৎসব ভাতা প্রদান এবং প্রকল্প সাইটে কর্মকালীন মূল বেতনের ৪০% হারে প্রকল্প ভাতা ও প্রযোজ্য ক্ষেত্রে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে [বৈদেশিক প্রশিক্ষণের ক্ষেত্রে প্রশিক্ষণকালীন মাসিক ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা হারে বৈদেশিক প্রশিক্ষণ ভাতা ও প্রশিক্ষণ কেন্দ্রে একক আবাসন সুবিধা প্রদান করা হবে]।

৪. এনপিসিবিএল-এর নিয়মিত চাকুরিতে নিয়োগের পর উপরের ৫ নং কলামে বর্ণিত মূল বেতন ও পারিবারিক আবাসন সুবিধা (অথবা পারিবারিক আবাসন সুবিধা না দিতে পারলে ৪০%–৬০% হারে বাড়ি ভাড়া ভাতা) এবং ৪০% হারে প্রকল্প ভাতা / বিদ্যুৎ কেন্দ্র ভাতা, ছুটি নগদায়ন, যৌথ বীমা, কনট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুইটি সহ প্রযোজ্য অন্যান্য প্রান্তিক সুবিধাদি এনপিসিবিএল-এর বিধিমালা ও নীতিমালা অনুসারে প্রদান করা হবে।

৫. যোগদানকারীকে তার যোগদানের সময় এ মর্মে অঙ্গীকার নামা (Surety Bond) দাখিল করতে হবে যে, তিনি এনপিসিবিএল-এ যোগদানের তারিখ থেকে কমপক্ষে ১০ (দশ) বছর চাকুরি করবেন এবং যদি এনপিসিবিএল-এ ১০ (দশ) বছর চাকুরি সমাপ্তির পূর্বে স্বেচ্ছায় এনপিসিবিএল ত্যাগ করেন তবে তিনি এনপিসিবিএল, সরকার বা অন্য যে-কোন কর্তৃপক্ষ কর্তৃক তার জন্য ব্যয়কৃত সমুদয় অর্থ পরিশোধ করতে বাধ্য থাকবেন।

**আবেদন ও নির্বাচন পদ্ধতি :**

১. আগ্রহী প্রার্থীকে "**Online Application Form**" এর মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের সময় প্রয়োজনীয় তথ্য সহ প্রার্থীর স্ক্যানকৃত ছবি ও স্বাক্ষর আপলোড করতে হবে। ১০.০১.২০১৯ তারিখ থেকে ৩১.০১.২০১৯ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। http://npcbl.teletalk.com.bd ঠিকানায় "**Online Application Form**" পাওয়া যাবে।

২. প্রার্থীকে অনলাইনে আবেদন দাখিলের পূর্বের যেকোন তারিখে "আবেদনের বিষয়ে নিয়োগকর্তা কর্তৃক ইস্যুকৃত অনাপত্তি পত্র (NOC)" সংগ্রহ করতে হবে যা মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৩. প্রত্যেক প্রার্থীকে তার আবেদন নিশ্চিতকরণের জন্য http://npcbl.teletalk.com.bd ঠিকানায় উল্লেখিত নির্দেশনা অনুসরণ করে যে-কোন Teletalk Mobile Connection থেকে এসএমএস (SMS) এর মাধ্যমে অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা পরিশোধ করতে হবে।

৪. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ এবং সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই ও প্রয়োজনীয় নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে। বিদেশী সনদধারীদের মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সমমানের সনদ (Equivalency Certificate) প্রদর্শন করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ/ভাতা প্রদান করা হবে না।

৫. যে-কোন ধরণের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

৬. এনপিসিবিএল কর্তৃপক্ষ কোন ধরণের কারণ দর্শানো ছাড়াই পদ-সংখ্যা বৃদ্ধি/হ্রাস করার এবং যে-কোন বা সকল আবেদন বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

**- কোম্পানী সেক্রেটারী**

**বিস্তারিত তথ্যের জন্য দয়া করে ভিজিট করুন :** www.rooppurnpp.gov.bd

RAS-d